



HIGH COMMISSION FOR THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
CANBERRA

০২ ফেব্রুয়ারী ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

অস্ট্রেলিয়ায় বাংলাদেশের হাইকমিশনারের পরিচিতিপত্র পেশ

অস্ট্রেলিয়ায় নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার জনাব মো: সুফিউর রহমান, আজ ০২ ফেব্রুয়ারী ২০১৮ তারিখ অস্ট্রেলিয়ার গভর্নর জেনারেল, মাননীয় স্যার পিটার কোসগ্রোভ এর কাছে তাঁর পরিচিতিপত্র পেশ করেন। পরিচিতিপত্র পেশ অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন ম্যাডাম কোসগ্রোভ, হাইকমিশনারের স্ত্রী মিসেস সামসিয়া বেগম, হাইকমিশনের কর্মকর্তাবৃন্দ এবং অস্ট্রেলিয়া সরকারের উচ্চ পর্যায়ের কর্মকর্তারা। পরিচিতিপত্র পেশ শেষে তাঁরা সংক্ষিপ্ত একান্ত আলোচনায় মিলিত হন, যেখানে দ্বিপাক্ষিক ও আঞ্চলিক বিষয়াবলী আলোচিত হয়। গভর্নর জেনারেল হাইকমিশনারকে অভিনন্দন জানান এবং তাকে সর্বাত্মক সহযোগিতার আশ্বাস দেন। হাইকমিশনার মাননীয় গভর্নর জেনারেলকে বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী এবং বাংলাদেশের জনগণের শুভেচ্ছা বার্তা পৌঁছে দেন। একইভাবে গভর্নর জেনারেল বাংলাদেশ রাষ্ট্র ও সরকার প্রধানকে এবং বাংলাদেশের জনগণকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। অস্ট্রেলিয়াতে হাইকমিশনার নিযুক্ত হওয়ার পূর্বে জনাব সুফিউর রহমান মিয়ানমার ও শ্রীলঙ্কায় বাংলাদেশের রাষ্ট্রদূত হিসেবে দায়িত্ব পালন করেন।

চ্যান্সারী প্রধান
বাংলাদেশ হাইকমিশন, ক্যানবেরা